গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট (ওটিআই), প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ – জুন ৩০, ২০১৯

# সূচিপত্র

**উপক্রমণিকা**

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms)

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ (ওটিআই), প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট, সাভার, ঢাকা-এর বার্ষিক কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Officer's Training Institute)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

প্রাণিসম্পদ অধিদপ্তরের লক্ষ্য দেশের নিরাপদ প্রাণিজ আমিষের চাহিদা পূরণ । এ লক্ষ্যে অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট, সাভার, ঢাকা প্রাণিসম্পদ বিভাগীয় কর্মকর্তাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করে মাঠ পর্যায়ের কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে । প্রাণিসম্পদের উন্নয়নের সাথে সংশ্লিষ্ট জনশক্তির দক্ষতা বৃদ্ধি ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানের কাজ মূলত প্রাণিসম্পদ অধিদপ্তরের দক্ষ জনবলের মাধ্যমেই পরিচালিত হয়ে থাকে এবং সকল কার্যক্রম অধিদপ্তরের অধীনস্থ কর্মকর্তাদের মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। কর্মরত অবস্থায় নব প্রযুক্তি ও গবেষণার ফলাফলের সাথে পরিচিত হওয়া, সর্বোপরি সাম্প্রতিক সরকারি নীতিমালা এবং বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের নীতি ও কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির প্রয়োজন। অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট প্রশিক্ষণের মাধ্যমে চাকুরীরত কর্মকর্তাদের পেশাগত জ্ঞানের উৎকর্ষ সাধন, পেশাগত দক্ষতাকে শাণিত করা এবং প্রাণিসম্পদ এর উন্নয়নের জন্য দেশে- বিদেশে উদ্ভাবিত নতুন লাগসই প্রযুক্তি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাঝে হস্তান্তর এবং বাস্তবায়নের ব্যবস্থা করে থাকে। ইতোপূর্বে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নব নিযুক্ত বিসিএস (লাইভস্টক) এবং বিসিএস (মৎস্য) ক্যাডারের কর্মকর্তাদের ১৯৮৬-১৯৯১ ইং অর্থ বছরে দুই মাস মেয়াদী ১৯ টি ব্যাচে ১২২৬ জন কর্মকর্তাকে বুনিয়াদি প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করা হয়েছে। অধিকন্তু , ২০১৫-২০১৬ অর্থ বছরে বিসিএস প্রশাসন ও পুলিশসহ মোট ৮টি ক্যাডারের কর্মকর্তাদের ছয় মাস ব্যাপী ৪৮ জন কর্মকর্তাকে অত্র প্রতিষ্ঠাণে বুনিয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ওটিআই প্রতিষ্ঠার পর থেকে বিভাগীয় জনশক্তির মেধার বিকাশ, দক্ষতা বৃদ্ধি এবং লাগসই প্রযুক্তি হস্তান্তরে এ প্রতিষ্ঠান ১৯৮৬- ২০১৮ (মার্চ) ইং পর্যন্ত ৪৫৪ টি ব্যাচে বিভিন্ন মেয়াদী মোট ১৫,০৭২ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট সরকারী ও বেসরকারী বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে সেমিনার ও কর্মশালার আয়োজন করে থাকে। প্রতিষ্ঠালগ্ন হতে অদ্যবধি অত্র প্রতিষ্ঠান ১৫টি কর্মশালা এবং ১০টি দেশী ও আন্তর্জাতিক সেমিনার/কর্মশালা সম্পন্ন করেছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

প্রাণিসম্পদ বিভাগীয় সকল কর্মকর্তাদের প্রতি বছর ৬০ (ষাট) জনঘন্টা প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দের অপ্রতুলতা রয়েছে । অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউটের জনবল স্বল্পতা এবং কর্মকর্তাদের বিদেশে প্রশিক্ষণের সুযোগ না থাকায় আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের চ্যালেঞ্জ নেওয়া যাচ্ছে না । ওটিআই-এর প্রশিক্ষণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বর্তমান ৪৮ আসন বিশিষ্ট ডরমিটরীর মেরামতসহ ১০০ আসন বিশিষ্ট আধুনিক সুবিধাসহ নতুন ডরমিটরী স্থাপনের প্রয়োজন রয়েছে । এছাড়াও অধিবেশন কক্ষ, ডাইনিং রুম, অত্যাধুনিক অডিটোরিয়াম, ডিজিটাল লাইব্রেরী, ইংলিশ ল্যাঙ্গুয়েজ ল্যাব, কম্পিউটার ল্যাব, সেমিনার কক্ষ, শিশু সন্তানসহ মহিলা প্রশিক্ষণার্থী থাকার সু-ব্যবস্থা, প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য যানবাহনের ব্যবস্থাসহ বিভিন্ন লজিস্টিক সাপোর্ট বাড়ানোর জন্য মাস্টার প্ল্যান প্রণয়ন ও বাস্তবায়ন দরকার ।

### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

ভিশন-২০২১ অনুযায়ী নিরাপদ প্রাণিজ আমিষ এর চাহিদা পুরণের লক্ষ্যে ইতোমধ্যে বাংলাদেশ জনপ্রতি ১২০/গ্রাম মাংস এর চাহিদা পুরনে সক্ষমতা অর্জন করেছে। অদ্রুপ দুধ ও ডিমের চাহিদা যথাক্রমে ২৫০ মিলি/দিন ও ১০৪টি/বছর চাহিদা পুরণের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রমের গতিশীলতা ও দক্ষতা বৃদ্ধির নিমিত্তে বিভাগীয় সকল পর্যায়ের কর্মকর্তাদের ৬০(ষাট) জনঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করা। মেধাবী জাতি ও দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে উদ্ভাবিত নতুন প্রযুক্তি দ্রুত সুফলভোগীদের মাঝে পৌঁছানোর লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাদের ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে ।

### ২০১৮-১৯ অর্থ বছরে সম্ভাব্য অর্জনঃ

বিভাগীয় সকল পর্যায়ের কর্মকর্তাদের বার্ষিক ৬০ জনঘন্টা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিভিন্ন মেয়াদী কোর্সে সর্বমোট ১২০০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং ২ টি সেমিনার ও ২টি কর্মশালার আয়োজন করা হবে ।

## সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision) :**

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ।

**১.২ অভিলক্ষ্য (Mission) :**

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপূরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

১.৩.১ দপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;

২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;

৩. মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা;

৫. গবাদিপশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;

২. কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন;

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

**১.৪ কার্যাবলি (Functions):**

১.৪.১ দুধ, মাংস,ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা;

১.৪.২ গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;

১.৪.৩ গবাদিপশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ;

১.৪.৪ গবাদিপশু-পাখির পুষ্টি উন্নয়ন;

১.৪.৫ গবাদিপশু-পাখির জাত উন্নয়ন;

১.৪.৬ প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মুদ্রা অর্জন;

১.৪.৭ গবাদিপশু-পাখির খামার ব্যবস্থাপনার উন্নয়ন;

১.৪.৮ গবাদিপশু-পাখির কৌলিকমাণ সংরক্ষণ ও উন্নয়ন;

১.৪.৯ প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন;

১.৪.১০ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ এবংবাস্তবায়ন;

১.৪.১১ প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন ।

## সেকশন ২
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ
(মোট মান - ৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | - | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ৮০ | ১.১ কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ৭০ | ৬০৮ | ১৪১৫ | ১২০০ | ১১৫০ | ১১০০ | ১০৫০ | ১০০০ | ১৩০০ | ১৪০০ |
| | | ১.২ সেমিনার আয়োজন | আয়োজিত সেমিনার | সংখ্যা | ৫ | - | - | ২ | ১ | - | - | - | ২ | ৩ |
| | | ১.৩ কর্মশালা আয়োজন | আয়োজিত কর্মশালা | সংখ্যা | ৫ | - | ১ | ২ | ১ | - | - | - | ২ | ৩ |

*সাময়িক

# মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

(মোট মান-২০)

| কলাম ১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কলাম ২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কলাম ৩ কার্যক্রম (Activities) | কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | কলাম ৬ লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম ১<br>কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কলাম ২<br>কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কলাম ৩<br>কার্যক্রম (Activities) | কলাম ৪<br>কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কলাম ৫<br>কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | কলাম ৬<br>লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯<br>অসাধারণ (Excellent) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রনীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি. অধ্যক্ষ (ওটিআই) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি. মহাপরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের অধ্যক্ষ (ওটিআই) এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

-----------------------------------

অধ্যক্ষ (ওটিআই)
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা ।

তারিখ ২২/০৬/২০২৫

............................................

মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

২২/০৬/২০২৫
তারিখ

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |
| ২. | বিসিএস | বাংলাদেশ সিভিল সার্ভিস (Bangladesh civil service) |
| ৩. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| ৪. | এফওয়াই | অর্থ বছর (Fiscal Year) |
| ৫. | জিডিপি | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| ৬. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| ৭. | ওটিআই | অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট (Officer's Training Institute) |
| ৮. | পিআই | পারফরমেন্স ইন্ডিকেটর (Performance Indicators) |
| ৯. | এসআইপি | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (Small Improvement Project) |
| ১০. | এসডিজি | টেকশই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goal) |

## সংযোজনী - ২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত কর্মকর্তা | প্রশিক্ষণ এমন একটি পরিকল্পিত প্রক্রিয়া যার মাধ্যমে কর্মকর্তাদের পেশাগত জ্ঞানের উৎকর্ষ সাধন ও দক্ষতা বৃদ্ধি হয় এবং কর্মকর্তাদের দৃষ্টিভঙ্গি ও আচরণের ইতিবাচক পরিবর্তন সাধিত হয়। ওটিআই-তে সম্পাদিত প্রশিক্ষণসমূহ : বিভাগীয় সম্প্রসারন, প্রশাসন ও অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, বিভাগীয় আইন ও বিধিমালা সম্পর্কিত প্রশিক্ষণ, ই-ফাইলিং শীর্ষক প্রশিক্ষণ, ফিড মিল ও হ্যাচারী পরিদর্শন বিষয়ক প্রশিক্ষণ, প্রকল্প ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ, সরকারী ক্রয় ব্যবস্থাপনা ও ইজিপি বিষয়ক প্রশিক্ষণ, টেকসই উন্নয়ন ও পরিবেশ ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ, পোষা প্রাণী এবং বন্য ও জ্যু এনিমেল ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ, পশু খাদ্য ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক প্রশিক্ষণ, সার্বিক গুনগতমান ব্যবস্থাপনা প্রশিক্ষণ এবং নিরাপদ খাদ্য তৈরী এবং খাদ্যে মূল্য সংযোজন বিষয়ক প্রশিক্ষণ প্রদান । | ওটিআই সাভার, ঢাকা । | ওটিআই এর মাসিক ও বার্ষিক রিপোর্ট | পর্যাপ্ত বাজেট বরাদ্দ এবং প্রশিক্ষণের জন্য ওটিআই-এর সক্ষমতা বাড়ানো প্রয়োজন । |
| ২ | সেমিনার আয়োজন | আয়োজিত সেমিনার | সেমিনার হলো একটি আনুষ্ঠানিক উপস্থাপনা যা এক বা একাধিক বিশেষজ্ঞের মাধ্যমে অংশগ্রহনকারী পেশাজীবিবৃন্দ একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয় । নতুন নতুন সমস্যা সমাধানে এবং নতুন উদ্ভাবিত প্রযুক্তি প্রচার ও সম্প্রসারনের জন্য নিয়ে সেমিনার আয়োজন করা । | ওটিআই সাভার, ঢাকা । | ওটিআই এর মাসিক ও বার্ষিক রিপোর্ট | পর্যাপ্ত বাজেট বরাদ্দ এবং সেমিনারের জন্য সেমিনার কক্ষ তৈরী প্রয়োজন । |
| ৩ | কর্মশালা আয়োজন | আয়োজিত কর্মশালা | কর্মশালায় একটি বিশেষ বিষয়ে দলীয়ভিত্তিক জ্ঞান ও অভিজ্ঞতা শেয়ার করে অংশগ্রহণকারী পেশাজীবীদের সম্মতিতে আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেয় । বাংলাদেশের অর্থনীতিতে ২০৩০ সালের মধ্যে এসডিজি লক্ষ্য পূরণে প্রাণিসম্পদ অধিদপ্তরের ভূমিকা এবং সাম্প্রতিককালে ইমার্জিং ও রি-ইমার্জিং ডিজিজ সম্পর্কে বিভাগীয় কর্মকর্তাদের নিয়ে কর্মশালার আয়োজন । | ওটিআই সাভার, ঢাকা । | ওটিআই এর মাসিক ও বার্ষিক রিপোর্ট | পর্যাপ্ত বাজেট বরাদ্দ এবং সম্মেলন কক্ষ তৈরী প্রয়োজন । |